# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**30-04-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১) পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে অতীতের সব রেকর্ড ভেঙে দু'দফায় ৯২ শতাংশের বেশি ভোট পড়েছে বলে জানা গিয়েছে।

# গণনা- চৌঠা মে।

২/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ইটালির প্রতিরক্ষা মন্ত্রী গুইদো ক্রোসেত্তোর সঙ্গে সাক্ষাৎ করেছেন।

৩/ রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ জম্মু তাওয়াই রেল স্টেশন থেকে শ্রীনগর-জম্মু বন্দে ভারত এক্সপ্রেসের সম্প্রসারিত পরিষেবার সূচনা করেছেন।

৪/ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ দুদিনের সফরে লাদাখ যাচ্ছেন।

৫/ ICSE দশম এবং ISC দ্বাদশ শ্রেণির মেইন পরীক্ষার ফল, আজ প্রকাশিত হয়েছে।

# ISC তে দেশের মধ্যে প্রথম হয়েছেন উত্তর ২৪ পরগনার ছাত্রী অনুষ্কা ঘোষ।

৬/ পাকিস্তানের একটি হাইকোর্টে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান ও তার স্ত্রী বুশরা বিবির আবেদনের শুনানি হবে।

৭/ IPL ক্রিকেটে আজ গুজরাট টাইটান্স ও রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর মুখোমুখি হবে।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা চূড়ান্ত দফায় সাতটি জেলার ১৪২-টি আসনে ৯২ দশমিক ৬/৭ শতাংশ ভোট পড়েছে।

প্রথম দফার মতোই এপর্যায়েও মহিলাদের ভোটদানের হার বেশি। তবে সার্বিকভাবে ভোটদানের হার অতীতের সব রেকর্ড ভেঙে দিয়েছে। এখনও পর্যন্ত  ২- দফা মিলিয়ে রাজ্যে ৯২ শতাংশের ওপর ভোট পড়েছে বলে খবর।

প্রথম দফা নির্বাচনে গত ২৩শে এপ্রিল রেকর্ড ৯৩ দশমিক ১/৯ শতাংশ ভোট পড়ে।

দ্বিতীয় দফায় প্রার্থী ছিলেন এক হাজার, ৪৪৮ জন। ভোটদাতার সংখ্যা- ৩' কোটি ২১ লক্ষ ৭৫ হাজারের বেশী। কয়েকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া ভোটগ্রহণ পর্ব ছিল, মোটের ওপর শান্তিপূর্ণ। গণনা চৌঠা মে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে দু'দফায় নির্বাচনী প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর এক্সিট পোল বা বুথ ফেরত সমীক্ষায় মিশ্র ফলাফলের আভাস পাওয়া গেছে। কয়েকটি সমীক্ষায় বিজেপির জয় এবং অন্য কয়েকটিতে তৃণমূল কংগ্রেসের জয়লাভের পূর্বাভাস দেওয়া হয়েছে। বিজেপি ১৪০ থেকে ১৬০ এবং তৃণমূল কংগ্রেস ১২০ থেকে ১৪০ টি আসন লাভ করতে পারে বলেও সমীক্ষায় প্রকাশ।

অন্যদিকে, অসমে বেশিরভাগ এক্সিট পোলেই বিজেপি আবার ক্ষমতায় আসবে বলে আভাস মিলেছে। বিজেপি নেতৃত্বাধীন জোট ৮৭ থেকে ১০০ এবং কংগ্রেস ২৬ থেকে ৩৬ টি আসন পেতে পারে বলে সমীক্ষায় জানা গেছে।

অন্যদিকে কেরালামে কংগ্রেস ক্ষমতায় আসতে চলেছে বলে সমীক্ষায় আভাস মিলিছে। কংগ্রেস নেতৃত্বাধীন UDF-৭৫ থেকে ৯০ এবং LDF- ৪৫ থেকে ৬০ টি আসন পাবে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে।

তামিলনাডুতে DMK নেতৃত্বাধীন জোটই জয়লাভ করবে বলে স্পষ্ট ইঙ্গিত মিলেছে। এক্সিট পোলে DMK-১১২ থেকে ১৪০ টি আসন এবং AIDMK-৬০ থেকে ১০০ টি আসন পাবে বলে আভাস দেওয়া হয়েছে।

পুদুচেরিতে বুথ ফেরত সমীক্ষায় NDA জোটের পক্ষে ১৬ থেকে ২০ এবং DMK-কংগ্রেস জোটের পক্ষে ৬ থেকে ৮ টি আসন লাভের সম্ভাবনা।

আগামী চৌঠা মে এই পাঁচ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের ভোট গণনা।

oooooooooooooooooooooo

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ইটালির প্রতিরক্ষামন্ত্রী গুইদো ক্রোসেত্তোর সঙ্গে সাক্ষাৎ করেছেন। দু'দেশের প্রতিরক্ষা মন্ত্রীদের দ্বিপাক্ষিক বৈঠকে উভয় নেতা দু'দেশের মধ্যে প্রতিরক্ষা সহযোগিতা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা করবেন। নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়ে তাদের মধ্যে মত বিনিময় হবে বলে মনে করা হচ্ছে। এর আগে প্রতিরক্ষা মন্ত্রী জাতীয় যুদ্ধ স্মারকে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। তাকে গার্ড অফ অনার দেওয়া হয়।

oooooooooooooooooooooo

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, অপারেশন সিন্দুর-এর মাধ্যমে গোটা বিশ্বের কাছে এই বার্তা পৌঁছে দেওয়া গেছে যেকোনও পরিস্থিতিতে ভারত সন্ত্রাসবাদী কার্যকলাপ বর্দাস্ত করবে না। নতুন দিল্লিতে জাতীয় নিরাপত্তা শীর্ষ সম্মেলন দ্বিতীয় পর্যায়ে আজ বক্তব্য রেখে শ্রী সিং জানান, ভারত আর পুরোনো পন্থায় বিশ্বাস করে না যে সন্ত্রাসবাদী হামলা দেশের মাটিতে সংগঠিত হবে আর আমরা শুধুমাত্র কূটনৈতিক বিবৃতি দিয়ে খান্ত থাকবে। তিনি বলেন, বর্তমান সরকারের নীতি অনুযায়ী সন্ত্রাসবাদ এবং তাদের সমর্থনকারীদের আলাদা করে দেখা হয় না। প্রতিরক্ষা মন্ত্রী বলেন, পাকিস্তান গোটা বিশ্বের সন্ত্রাসবাদের মূল কেন্দ্র। অপরদিকে ভারত তথ্য ও প্রযুক্তির মূল কেন্দ্র হয়ে উঠেছে।

বাইট – রাজনাথ সিং (সন্ত্রাসবাদ)

প্রতিরক্ষা মন্ত্রী আরও জানান, ভারতের প্রতিরক্ষা সরঞ্জাম রপ্তানি ২০২৫-২০২৬ আর্থিক বছরে রেকর্ড ৩৮,৪২৪ কোটি টাকায় পৌঁছেছে যা বিগত বছরের থেকে ৬২ শতাংশ বেশি। তিনি বলেন, সরকার দেশের পরিকাঠামো গঠনের পাশাপাশি কৃত্রিম মেধা ক্ষেত্রে দেশের ছোট ছোট শহরগুলির যুবদের কর্মসংস্থানের উদ্যোগ নিয়েছে। তিনি পশ্চিম এশিয়ার সাম্প্রতিক যুদ্ধ বিষয়ে আলোকপাত করে বলেন, পরিস্থিতির দ্রুত বদল হচ্ছে। সেই মতন দেশকেও সেই ধারার সঙ্গে মানিয়ে নিতে হচ্ছে। কৃত্রিম বুদ্ধিমত্ত্বার এক্ষেত্রে বিশেষ ভূমিকা রয়েছে। এআই এখন দেশে যুদ্ধ প্রস্তুতিতে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে গেছে।

ooooooooooooooooooooo

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো আজ জম্মু তাওয়াই রেল স্টেশন থেকে শ্রীনগর-জম্মু বন্দে ভারত এক্সপ্রেসের সম্প্রসারিত পরিষেবার সূচনা করেছেন। আগে এই ট্রেনটি শ্রীনগর থেকে কাটরা পর্যন্ত চলাচল করত, এখন থেকে যাতায়াত করবে জম্মু পর্যন্ত। ট্রেনের যাত্রাপথ বৃদ্ধি হওয়ায় তা পর্যটনকে বিশেষ ভাবে উজ্জীবিত করবে বলে শ্রী বৈষ্ণো জানান ।

(বাইট – বৈষ্ণো)

এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী দফতরের প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং এবং জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লা।

রেল মন্ত্রক আরও জানিয়েছে, নতুন ট্রেনে আটটির বদলে থাকবে ২০ টি আরামদায়ক কামরা। কাশ্মীর উপত্যকার অত্যধিক ঠাণ্ডা ও প্রতিকূল পরিস্থিতিতে পর্যটকদের উন্নত মানের পরিষেবা দিতে প্রস্তুত এই ট্রেন। কামরায় থাকবে আধুনিক হিটিং সিস্টেম যা, হিমাঙ্কের নিচে নেমে যাওয়া শৈত্য পরিস্থিতি সামাল দিতে সক্ষম। মঙ্গলবার বাদে সপ্তাহে সমস্ত দিন চলবে এই ট্রেন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, শিল্পদ্যোগী এবং উৎসাহী নাগরিক দেশের শক্তি। সমাজ মাধ্যমের একটি পোস্টে সংস্কৃত সুভাষিতম-এর কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, পরিশ্রমী নাগরিকদের মাধ্যমেই উন্নয়নের নতুন দিগন্ত উন্মোচিত হবে। তিনি বলেন, নাগরিকদের সহযোগিতা দেশ এখন সমৃদ্ধি আত্মনির্ভরতা এবং উন্নয়নের শীর্ষ ছুঁয়েছে।

ooooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তৃতীয় শিখ গুরু, গুরু অমরদাসের জন্মবার্ষিকীতে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের একটি পোস্টে শ্রী শাহ উল্লেখ করেন, শিখ গুরু সেবা, উৎসর্গের মাধ্যমে মানবিকতাকে জাগ্রত করেছিলেন। তিনি বলেন, মহিলাদের সমান অধিকার দিতে গুরু অমর দাসের ঐতিহাসিক উদ্যোগ চিরস্মরণীয় হয়ে থাকবে।

ooooooooooooooooooooooo

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ দুদিনের সফরে লাদাখ যাবেন। সমাজ মাধ্যমের একটি বার্তায় শ্রী শাহ বলেন, আগামী পয়লা মে, বুদ্ধ পূর্ণিমা তিথি থেকে শুরু হওয়া ভগবান বুদ্ধের পবিত্র

স্মৃতিচিহ্ন দেহাবশেষের আন্তর্জাতিক প্রদর্শনে তিনি প্রথমবারের জন্য যোগ দেবেন। পৃথিবীর বিভিন্ন জায়গা থেকে পুন্যার্থীরা বুদ্ধ-কে শ্রদ্ধা জানাতে এই প্রদর্শনীতে উপস্থিত থাকবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কৃষিজ ও প্রক্রিয়াকরণ জাত খাদ্য রফতানি উন্নয়ন সংস্থা (এপিইবিএ), উত্তরপ্রদেশের কৃষি দফতরের সঙ্গে ৭০ বছরের লিজ সংক্রান্ত চুক্তি সাক্ষর করেছে। পিলিভিটে বাসমতী ও জৈব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্যই এই চুক্তি। ভারতে বাসমতী চাল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে এই পদক্ষেপ। বাণিজ্য ও শিল্প মন্ত্রক জানিয়েছে, বাসমতী ও জৈব চাষে যুক্ত কৃষকদের প্রশিক্ষণ এবং দক্ষতা বাড়ানোও এর লক্ষ্য। এছাড়াও এটি কৃষি বিশেষজ্ঞ ও ছাত্রদের জন্য বিশেষ উপযোগী হবে। প্রায় ৭ একর জমি জুড়ে দেশে এই প্রথম বাসমতী অর্গ্যানিক ট্রেনিং ও ডেমনস্ট্রেশন ফার্ম গড়ে উঠতে চলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজকের প্রসঙ্গের এবারের বিষয় “অষ্টাদশ বিধানসভা ভোট ও ভারতের নির্বাচন কমিশন” এই বিষয়ে সাংবাদিক অমল সরকারের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ICSE দশম ও ISC দ্বাদশ শ্রেণীর মেন পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। দুটি পরীক্ষাতেই পাশের হারে এগিয়ে রয়েছে ছাত্রীরা। ISC-তে দেশের মধ্যে প্রথম হয়েছেন উত্তর ২৪ পরগণার পানিহাটির সেন্ট জেভিয়ার্স স্কুলের ছাত্রী অনুষ্কা ঘোষ। ৪-শোর মধ্যে ৪-শোই পেয়েছেন তিনি।

আই এস সি-তে সার্বিক পাশের হার ৯৯ দশমিক এক তিন শতাংশ। এর মধ্যে মেয়েদের পাশের হার ৯৯ দশমিক চার আট এবং ছেলেদের পাশের হার ৯৮ দশমিক আট এক শতাংশ।

ICSE-তে পাশের হার ৯৯ দশমিক এক আট শতাংশ। এরমধ্যে ছাত্রীদের পাশের হার ৯৯ দশমিক চার ছয় শতাংশ । ছাত্রদের মধ্যে প্রায় ৯৯ শতাংশ উত্তীর্ণ হয়েছে।

সব মিলিয়ে ২ লক্ষ ৫৮ হাজারের বেশি পরীক্ষার্থী ICSE ও ১ লক্ষ ৩ হাজারের বেশি ISC পরীক্ষা দিয়েছিলেন।

cisce.org এবং result.cisce.org ওয়েবসাইটে ও 'ডিজি লকার' পোর্টালে রেজাল্ট দেখা যাচ্ছে ছাত্রছাত্রীরা। পরীক্ষার ফল পুনর্মূল্যায়নের জন্য আগামীকাল থেকে চৌঠা মে পর্যন্ত আবেদন জানানো যাবে। ফের পরীক্ষা দেওয়ার জন্য রি-রেজিস্ট্রেশন করতে হবে। ৮ থেকে ১৪-ই মে-র মধ্যে। রিভিউ-এর ফল প্রকাশিত হবে জুনের প্রথম সপ্তাহে।

oooooooooooooooooooooo

পাকিস্তানের একটি হাইকোর্টে আজ প্রাক্তন প্রধানমন্ত্রী ইমরান খান ও তার স্ত্রী বুশরা বিবির আবেদনের শুনানি হবে। আলকাদিন ট্রাস্ট মামলায় তাদের দোষী সাব্যস্ত হওয়ার রায়কে চ্যালেঞ্জ জানিয়ে এই আবেদন করা হয়েছিল। গত বছর ইসলামাবাদের একটি আদালত ৭৩ বছর বয়সী ইমরান খানকে ১৪ বছর এবং বুশরা বিবিকে ৭ বছরের কারাদন্ড দেয়। পাকিস্তানের তোসাখানা সংক্রান্ত দুর্নীতি মামলায় ন্যাসনাল অ্যাকাউন্টেবিলিটি ব্যুরো ইমরান এবং তার স্ত্রীর বিরুদ্ধে এই মামলা দায়ের করে। গত ২২-শে এপ্রিল এই আবেদনের শুনানি হওয়ার কথা থাকলেও, ইরান – মার্কিনযুক্তরাষ্ট্র শান্তি আলোচনার প্রেক্ষিতে শুনানি পিছিয়ে যায়।

ooooooooooooooooooooo

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন,পরমাণু নিরস্ত্রীকরণ চুক্তির অন্যতম ও দায়িত্ববান সদস্য হিসেবে রাশিয়া চুক্তির সব শর্ত মেনে চলবে। তিনি একাদশ পরমাণু নিরস্ত্রীকরণ চুক্তি সম্মেলনে পাঠানো এক চিঠিতে একথা উল্লেখ করেন।নিউইয়র্কে রাষ্ট্রসঙ্ঘের সদর দপ্তরে অনুষ্ঠিত সম্মেলনে চিঠিটি পাঠ করেন রাশিয়ার বিদেশমন্ত্রী এনড্রিউ ইভানোভিচ বেলুসভ। তিনি বলেন, আন্তর্জাতিক সাম্প্রতিক জটিল পরিস্থিতিতে পরমাণু অস্ত্র মুক্ত বিশ্ব গড়ে তুলতে সব রকম উদ্যোগ গ্রহণ প্রয়োজন।

ooooooooooooooooooooo

ইরানের বন্দরগুলি থেকে সামুদ্রিক বাণিজ্যে যে বিধি নিষেধ আরোপ করা হয়েছে তার প্রেক্ষিতে ৪২টি ভেসেল আটক করেছে মার্কিন সেনা। এক বিবৃতিতে, মার্কিন সেন্ট্রাল কমান্ডার ব্র্যাড কুপার জানিয়েছেন, আটক করা ৪১টি ভেসেলের মধ্যে ৬৯ মিলিয়ন ব্যারেল তেল রয়েছে, যার মূল্য প্রায় ৬০০ কোটি মার্কিন ডলার।

ঘটনার তীব্র নিন্দা করেছে ইরান। সে দেশের সেনার তরফে জানানো হয়েছে, ভেসেলের মধ্যে থাকা নাবিকদের কথা ভেবে তারা এখনও কোনও কড়া ব্যবস্থা নেয়নি। কিন্তু এর যোগ্য জবাব দেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভিয়েতনামের রাষ্ট্রপতি টো লাম আগামী ৫ মে ভারত সফরে আসছেন। তারসঙ্গে থাকবেন সেদেশের একাধিক মন্ত্রী এবং উর্ধ্বতন আধিকারিকদের এক প্রতিনিধিদল। এছাড়াও তারসঙ্গে থাকবেন বাণিজ্যিক প্রতিনিধি দল। বিদেশমন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, চলতি মাসেই ভিয়েতনামের প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর এটিই টো লাম-এর প্রথম ভারত সফর। ৬ই মে রাষ্ট্রপতি ভবনের সামনে তাঁকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো হবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, ভিয়েতনাম-এর রাষ্ট্রপতির সঙ্গে দ্বিপাক্ষিক, আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে মত-বিনিময় করবেন। সফরকালে প্রেসিডেন্ট টো লাম বুদ্ধগয়া এবং মুম্বাই যাবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইপিএল ক্রিকেটে আজ আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে গুজরাট টাইটান্স, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে ৭-টায়।

অন্যদিকে, গতকাল সানরাইজার্স হায়দ্রাবাদ মুম্বাই ইন্ডিয়ান্সকে ৬ উইকেটে হারিয়ে দিয়েছে। মুম্বাইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে প্রথমে ব্যাট করে মুম্বাই ৫ উইকেটে ২৪৩ রান করে। রায়ান রিকেল্টন ১২৩ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে হায়দ্রাবাদ ১৮ ওভার ২ বলে লক্ষ্যে পৌঁছে যায়। ট্র্যাভিস হেড ৭৬ রান করেন। আইনরিক ক্লাসেন করেন অপরাজিত ৬৫ রান রান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০